দৈনিক
ইত্তেফাক

তারিখ ..0 3 SEP 2008
পৃষ্ঠা - ১৩ কলাম - ৬

# জাবিতে শিক্ষক অপসারণে অনশনের চতুর্থদিনেও পদক্ষেপ নেয়া হয়নি

## আটজন অসুস্থ ॥ হাসপাতালে ২

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

ছাত্রী নিপীড়নে অভিযুক্ত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষক ছানোয়ার হোসেনকে বরখাস্ত ও নিপীড়ন বিরোধী নীতিমালা প্রণয়নের দাবিতে আমরণ অনশনের চতুর্থদিনেও কোন পদক্ষেপ নেয়নি প্রশাসন। অনশনরত ১৩ শিক্ষার্থীর মধ্যে আট শিক্ষার্থীর অবস্থা গুরুতর বলে জানিয়েছেন চিকিৎসকরা। অনশনকারীদের সাথে সংহতি প্রকাশ করেছেন মানবাধিকার কর্মী এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। সোমবার রাতে সংহতি প্রকাশ করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামাল, [...]শী কবীর প্রমুখ। শহীদ মিনারে সংক্ষিপ্ত সভায় সুলতানা কামাল বলেন, যেহেতু শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, শিক্ষার্থীরা অনশনে গেছে, তাই [...]ত বিচার কাজ শেষ করা উচিত এবং নিপীড়ন বিরোধী নীতিমালা প্রণয়ন জরুরি। গতকাল মঙ্গলবার তত্ত্বাবধায়ক সরকারের সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী অনশনকারীদের সঙ্গে দেখা করতে আসতে চাইলে ছাত্রদল প্রতিহত [...]

দেখা করলে তিনি অনশন প্রত্যাহারের অনু[...] জানান। শিক্ষার্থীরা দাবি আদায় না হওয়া প[...] অনশন চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত কা[...] অসুস্থ দুইজনকে গতকাল গণস্বাস্থ্য মেডিক্যা[...] ভর্তি করা হয়েছে।